গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার শূন্য পদ পূরণ এবং জনবলের নিয়োগের বর্তমান অবস্থা।

সভাপতি : জনাব জাহিদ মালেক, মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভার স্থান : সভা কক্ষ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
(কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

তারিখ : ০১/০৩/২০১৭ খ্রিস্টাব্দ।

সময় : বেলা ১১:৩০ টা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভায় মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তরের প্রতিনিধিসহ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' তে দেখানো হল।

০২। সভার সভাপতি মাননীয় প্রতিমন্ত্রী জানান, বর্তমান সরকার স্বাস্থ্য সেবাকে জনগণের নিকট সহজলভ্য করার বিষয়ে বদ্ধ পরিকর। এর ফলশ্রুতিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মকান্ড সব ক্ষেত্রেই প্রশংসিত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় মন্ত্রী স্বাস্থ্য খাতকে আরো সমৃদ্ধ ও গতিশীল করার বিষয়ে যথেষ্ট আন্তরিক। জনগণের চাহিদার কথা চিন্তা করে সরকার নীতি নির্ধারণ করে। ইতোমধ্যে বর্তমান সরকারের উদ্যোগে অনেক নতুন স্বাস্থ্য প্রতিষ্ঠান উদ্বোধন করা হয়েছে। অনেক নতুন নতুন স্বাস্থ্য প্রতিষ্ঠানের অবকাঠামো তৈরি করা হয়েছে এবং অনেক প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণাধীন রয়েছে। হাসপাতালগুলোতে শয্যা সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। হাসপাতালগুলোতে ঔষধ ও যন্ত্রপাতি পর্যাপ্ত রয়েছে। তবে জনবলের অভাবে এসব যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ সঠিকভাবে হচ্ছেনা। দ্রুত শূন্য পদে জনবল নিয়োগ দেয়া না হলে স্বাস্থ্য সেবা অনেকাংশে বিঘ্নিত হওয়ার আশংকা রয়েছে। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে চিকিৎসক ও কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিও নিশ্চিত করতে হবে।

০৩। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার শূন্য পদ এবং জনবল নিয়োগ বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করেন। তিনি কার্যপত্রের আলোকে সভাকে অবহিত করেন যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে বিসিএস (স্বাস্থ্য) ও বিসিএস (পরিবার পরিকল্পনা) ক্যাডার কর্মকর্তাদের মোট পদের সংখ্যা ২২,৮৬৫ (বাইশ হাজার আটশত পঁয়ষট্টি)। তন্মধ্যে কর্মরত পদের সংখ্যা ২১,৩৭৬ (একুশ হাজার তিনশত ছিয়াত্তর) এবং শূন্য পদের সংখ্যা ১,৪৮৯ (এক হাজার উননব্বই)। এছাড়া মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নন-ক্যাডার ৯ম হতে তদূর্ধ্ব, ১০ম এবং ২০ হতে ১১তম গ্রেডের মোট পদের সংখ্যা ১,৯১,৯০৭ (এক লক্ষ একানব্বই হাজার নয়শত সাত), কর্মরত পদের সংখ্যা ১,৫৯,১২৮ (এক লক্ষ উনষাট হাজার একশত আটাশ) এবং শূন্য পদের সংখ্যা ৩২,৭৭৯ (বত্রিশ হাজার সাতশত উনআশি)। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত বিভিন্ন অধিদপ্তর/দপ্তরের প্রতিনিধিগণ নিজ নিজ দপ্তরের জনবল সংক্রান্ত তথ্য, শূন্য পদ এবং জনবল নিয়োগের হালনাগাদ তথ্যাদিসহ সার্বিক অবস্থা পর্যায়ক্রমে উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

<u>স্বাস্থ্য অধিদপ্তর</u>

স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি পরিচালক (প্রশাসন) জানান যে, স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের মোট ২২৫১২টি পদের মধ্যে ১৩৫৪টি পদ শূন্য রয়েছে। বর্তমান সরকারের আমলে ১৪৫৭৭টি পদ পূরণ করা হয়েছে। বিসিএস পরীক্ষার মাধ্যমে নিয়মিত বিরতিতে শূন্য পদ পূরণের প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া নন-ক্যাডার ৯ম হতে তদূর্ধ্ব, ১০ম এবং ২০ হতে ১১তম গ্রেডভূক্ত শূন্য পদের সংখ্যা ২০৩৮৩। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে ১৯৮৫ সালে প্রণীত স্বাস্থ্য অধিদপ্তরের বিদ্যমান নিয়োগবিধি "The Bangladesh Health Services (Non-Medical Officers and Employees Recruitment) Rules, 1985" এর বৈধতা নেই মর্মে মতামত প্রদান করায় নতুন নিয়োগবিধি প্রণয়ন ব্যতীত নন-ক্যাডার ৯ম হতে তদূর্ধ্ব, ১০ম এবং ২০ হতে ১১তম গ্রেডভূক্ত শূন্য পদে জনবল নিয়োগ বন্ধ রয়েছে। দ্রুত নিয়োগবিধি প্রণয়ন করা প্রয়োজন মর্মে তিনি সভায় উল্লেখ করেন।

অপর পৃঃ দ্রঃ

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, উক্ত অধিদপ্তরের অধীনে বিসিএস (পরিবার পরিকল্পনা) ক্যাডার কর্মকর্তাদের মোট ৫২,০৮০ টি পদের মধ্যে ৭৮১১ টি পদ শূন্য রয়েছে। বর্তমান সরকারের আমলে ৩২২টি পদ পূরণ করা হয়েছে। ১ম শ্রেণির চিকিৎসক কর্মকর্তার (নন-ক্যাডার) ২৫১ টি পদের মধ্যে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য ১০৮ টি পদ পূরণের বিষয়টি প্রক্রিয়াধীন। উন্নয়ন খাত হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদসমূহের নিয়োগবিধি অনুমোদনের বিষয় প্রক্রিয়াধীন। নিয়োগবিধি চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে শূন্য পদসমূহ পূরণ করা সম্ভব হবে।

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বিভিন্ন ক্যাটাগরির মোট ৩২,২০০ টি পদের মধ্যে ৩৮৩৬টি পদ শূন্য রয়েছে। ইতোমধ্যে ১৫৪৯৬ টি ১০ম গ্রেডভূক্ত সিনিয়র স্টাফ নার্স নিয়োগ দেয়া হয়েছে।

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান (নিপোর্ট)

নিপোর্ট এর প্রতিনিধি সভাকে জানান যে, উক্ত প্রতিষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরির মোট ৭৬৬টি পদের মধ্যে ২৫৭ টি পদ শূন্য রয়েছে। নিয়োগ বিধিমালা না থাকায় শূন্য পদ পূরণ করা সম্ভব হয়নি। ২১/০৫/২০১৫ তারিখে নিয়োগ বিধিমালা গেজেটে প্রকাশিত হয়েছে এবং বর্তমানে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ২১টি নন-ক্যাডার ৯ম গ্রেডভূক্ত পদের নিয়োগ আদেশ ০৯/০১/২০১৭ তারিখে জারি করা হয়েছে। আরও ৩৭টি নন-ক্যাডার ৯ম গ্রেডভূক্ত পদে নিয়োগ কার্যক্রম পিএসসিতে প্রক্রিয়াধীন। ১১হতে ২০তম গ্রেডভূক্ত ৭৯ টি পদে জনবল নিয়োগ কার্যক্রম চলমান।

ঔষধ প্রশাসন অধিদপ্তর

ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি উক্ত প্রতিষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরির মোট ৮৭০টি পদের মধ্যে ৮৬ টি পদ শূন্য রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, সম্প্রতি পিএসসির সুপারিশ অনুযায়ী নিয়োগপ্রাপ্ত হয়ে ৯ম গ্রেডভূক্ত পদে ৫৫ জন এবং ১০ গ্রেডভূক্ত পদে ১৪ জন যোগদান করেছেন।

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি উক্ত প্রতিষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরির মোট ৬১৯টি পদের মধ্যে ২৪৩ টি পদ শূন্য রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, উক্ত অধিদপ্তরে কোন ক্যাডার পদ নেই। একজন উপসচিব পদমর্যাদার কর্মকর্তা প্রেষণে কর্মরত রয়েছেন।

নিমিউ এন্ড টিসি

নিমিউ এন্ড টিসি এর প্রতিনিধি উক্ত প্রতিষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরির মোট ৯৫টি পদের মধ্যে ২৮টি পদ শূন্য রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, ২৮/১২/২০১৬ তারিখে মন্ত্রণালয় হতে উক্ত প্রতিষ্ঠানে ৯ম গ্রেডভূক্ত ২টি পদে জনবল নিয়োগ দেয়া হয়েছে। বিভিন্ন ক্যাটাগরির আরও ১২টি পদে জনবল নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

টেমো

টেমো এর প্রতিনিধি উক্ত প্রতিষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরির মোট ৭৫টি পদের মধ্যে ২৪টি পদ শূন্য রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, শূন্য পদে জনবল নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

০৪। মাননীয় প্রতিমন্ত্রী স্বাস্থ্য অধিদপ্তরের নিয়োগবিধি দ্রুত প্রণয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়াও তিনি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের চাহিদা অনুযায়ী পদের সংখ্যা এবং পদ সৃজনের প্রস্তাবের সাথে অসামঞ্জস্য পরিলক্ষিত হয় মর্মে উল্লেখ করেন। স্থাপনা ও চাহিদার সাথে সামঞ্জস্য রেখে পদ সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করেন।

অঃপৃঃদ্রঃ

০৫। সচিব মহোদয় সভায় জানান যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এমন একটি মন্ত্রণালয় যা দেশের সকল জনগণের স্বাস্থ্য সেবার বিষয়টি নিশ্চিত করে থাকে। দেশের জনগণ যেন স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত না হন সেজন্য নতুন নতুন স্বাস্থ্য প্রতিষ্ঠান/হাসপাতাল প্রতিষ্ঠা করা হচ্ছে। বিভিন্ন প্রতিষ্ঠানে নতুন নতুন পদ সৃজন করা হচ্ছে। নার্সিং সেবাকে উন্নত করার জন্য ৩০০০ মিডওয়াইফ পদ সৃজনের পরিকল্পনা অনুযায়ী ইতোমধ্যে ১৮০০ মিডওয়াইফ পদ সৃজনের জিও জারি করা হয়েছে এবং ১২০০ পদ সৃজনের জিও জারির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ৬ মাস মেয়াদী এ্যাডভান্স সার্টিফাইড মিডওয়াইফারী প্রশিক্ষণ কোর্স প্রদান করে ১৫৯৩ জন সিনিয়র স্টাফ নার্সকে মিডওয়াইফ হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি আউট সোর্সিং এর মাধ্যমে সৃজনকৃত পদসমূহ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয় এ মন্ত্রণালয়াধীন প্রতিষ্ঠান/হাসপাতালে জনবল নিয়োগের বিষয় ছাড়াও স্বাস্থ্য সেক্টরে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে তাদের প্রশিক্ষণ প্রদানের বিষয়টি নিয়েও আলোচনা করেন। তিনি দেশের সকল জেলার সিভিল সার্জনগণকে ঢাকায় নিপোর্টে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা এ বিষয়ে নিপোর্টের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। স্বাস্থ্য অধিদপ্তরের নিয়োগবিধির বিষয়ে তিনি জানান যে, ইতোমধ্যে যথাক্রমে ৩০/১১/২০১৬, ২১/১২/২০১৬, ০৯/০১/২০১৭, ১৬/০১/২০১৭ ও ২৭/০২/২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির মোট ০৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। বর্ণিত ৫টি সভায় 'ক' তফসিলভুক্ত ৯৫টি পদের যাচাই বাছাই এর কার্যক্রম সম্পন্ন হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগ হতে নিয়োগবিধির বিষয়টি দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

০৭। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্ত-১: স্বাস্থ্য সেবা সঠিকভাবে জনগণের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার সকল ক্যাটাগরির শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত-২: স্বাস্থ্য অধিদপ্তরের জন্য 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগবিধিমালা, ২০১৬' প্রণয়নের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটিকে কার্যক্রম ত্বরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত-৩: সিভিল সার্জন কর্তৃক প্রশাসনিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করণের লক্ষ্যে তাঁদের জন্য উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত-৪: স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরসহ অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানে প্রয়োজনের সাথে সামঞ্জস্য রেখে জনবল নিয়োগের লক্ষ্যে সামঞ্জস্যপূর্ণ পদ সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত-৫: আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদসমূহে দ্রুত জনবল নিয়োগ করতে হবে।

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাহিদ মালেক)
প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.০০৮.০১.০০.০০১.২০১৫-৭২৫

তারিখঃ ০৩/০৫/২০১৭ খ্রিস্টাব্দ
২০/০১/১৪২৪বঙ্গাব্দ

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (প্রশাসন/পরিবার কল্যাণ/নার্সিং/নির্মাণ/উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭। উপসচিব (জনস্বাস্থ্য-১/পার-৪/হাসপাতাল-২ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১২। সহকারী সচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১৫। অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd